গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাবতলী, বগুড়া।
**(gabtali.bogra.gov.bd)**

স্মারক নং- ০৫.৫০.১০৪০.১০০০.১৩.০০৪.২৪-৮৬ | তারিখঃ ২৪ মাঘ ১৪৩০ / ০৭ ফেব্রুয়ারি ২০২৪

## সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি- ০১/২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্তের নিমিত্ত (প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে) সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া, সহকারি কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়া, সোনালী ব্যাংক, গাবতলী শাখা, বগুড়া হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে উল্লিখিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া এবং সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র দাতাকে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। নির্বাচিত সর্বোচ্চ দরপত্রদাতার জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে, উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা করতে হবে। একই সাথে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর দুইটি পৃথক ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে একই দিনে একই সঙ্গে জমা দিতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকা ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে এক বছরের জন্য চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্র বাতিল করা হবে এবং জমাকৃত জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গন্য হবে।

দরপত্র সিডিউলের শর্তাবলি বুঝে সঠিক তথ্য দিয়ে দরপত্রে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্য এ অফিস হতে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**তফসিল ভুক্ত হাট-বাজার সমূহ ঃ**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | বাংলা ১৪৩১ সনের সম্ভাব্য সরকারী ইজারামূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মহিষাবান | পেরী হাট | ৩১,৫৮,০৯৪/- | ৭,০০০/- |
| ০২ | গাবতলী | দাঁড়াইল হাট | ১৪,৪৮,১১৯/- | ৩,৬০০/- |
| ০৩ | রামেশ্বরপুর | রামেশ্বরপুরহাট | ৬৪,৩৭৮/- | ৫০০/- |
| ০৪ | রামেশ্বরপুর | মাদারতলা | ৫,৩০০/- | ৫০০/- |
| ০৫ | সোনারায় | সোনারায় হাট | ৫৬,৬০৮/- | ৫০০/- |
| ০৬ | দক্ষিণপাড়া | উজগ্রাম হাট | ৫৭,৮৭৬/- | ৫০০/- |
| ০৭ | নেপালতলী | কদমতলী হাট | ৫,৮৬,৪২৮/- | ১,৮০০/- |
| ০৮ | সোনারায় | জামিরবাড়িয়া | ১,৭৪,২২৯/- | ১,০০০/- |
| ০৯ | নেপালতলী | লাঠিগঞ্জহাট | ২৫,৭৯৪/- | ৫০০/- |
| ১০ | রামেশ্বরপুর | চকলক্ষিপুরহাট | ১৭,২৯,০৭৩/- | ৪,২০০/- |
| ১১ | মহিষাবান | মহিষাবান হাট | ১৭,১৭,২০০/- | ৪,২০০/- |
| ১২ | নশিপুর | বাগবাড়ি হাট | ৩৬,৩৭,৭৮৩/- | ৮,০০০/- |
| ১৩ | দূর্গাহাটা | দূর্গাহাটা হাট | ১২,৬১,১৫৭/- | ৩,২০০/- |
| ১৪ | বালিয়াদিঘী | তরণী হাট | ১,২১,৯৪,১৭৪/- | ২৫,০০০/- |
| ১৫ | বালিয়াদিঘী | সুবোধ বাজার | ১২,০৪,৫৮৪/- | ৩,২০০/- |
| ১৬ | কাগইল | কাগইল হাট | ১২,১৩,১৭২/- | ৩,২০০/- |
| ১৭ | দক্ষিণপাড়া | ডাকুমারা হাট | ১,৯৯,৮৮,৪৯১/- | ৪০,৬০০/- |
| ১৮ | সোনারায় | সুখানপুকুরহাট | ১৩,৬২,৯৮৪/- | ৩,৪০০/- |
| ১৯ | দক্ষিণপাড়া | লাংলু হাট | ১৬,১৮২/- | ৫০০/- |
| ২০ | দূর্গাহাটা | হাতীবান্দা হাট | ৬১,৮৬৯/- | ৫০০/- |
| ২১ | নেপালতলী | নেপালতলী | ২১,৫৮৯/- | ৫০০/- |
| ২২ | নেপালতলী | বুরুজ হাট | ১৫,১৯৪/- | ৫০০/- |

# ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র ফরম বিক্রয়ের শেষ দিন | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার তারিখ |
|---|---|---|---|
| ১ম বার | ০৬/০৩/২০২৪ | ০৭/০৩/২০২৪<br>সকাল ১০.০০ মিঃ হতে দুপুর ০১.০০ মিঃ পর্যন্ত | ০৭/০৩/২০২৪<br>বিকাল ০৩.০০ মিঃ |
| ২য় বার | ১৩/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪<br>সকাল ১০.০০ মিঃ হতে দুপুর ০১.০০ মিঃ পর্যন্ত | ১৪/০৩/২০২৪<br>বিকাল ০৩.০০ মিঃ |
| ৩য় বার | ১৮/০৩/২০২৪ | ১৯/০৩/২০২৪<br>সকাল ১০.০০ মিঃ হতে দুপুর ০১.০০ মিঃ পর্যন্ত | ১৯/০৩/২০২২৪<br>বিকাল ০৩.০০ মিঃ |
| ৪র্থ বার | ২৪/০৩/২০২৪ | ২৫/০৩/২০২২<br>সকাল ১০.০০ মিঃ হতে দুপুর ০১.০০ মিঃ পর্যন্ত | ২৫/০৩/২০২৪<br>বিকাল ০৩.০০ মিঃ |

ইজারা অনুমোদিত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যারা সমুদয় ইজারা মূল্য, ৫% জামানত, ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নেই। সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন করতে সক্ষম ব্যক্তিদের আবেদন করতে বলা হলো। নির্ধারিত সময়ে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

Bhan
০৭/০২/২৪

(নুসরাত জাহান বন্যা)
উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী, বগুড়া ।
টেলিফোন: ০২৫৮৯-৯১০৩০১ (দপ্তর)।
ই-মেইল- unogabtali@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫০.১০৪০.১০০০.১৩.০০৪.২৪- ৮৬

তারিখঃ ২৪ মাঘ ১৪৩০ / ০৭ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, বগুড়া।
০২। পুলিশ সুপার, বগুড়া।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া। .................(..........) টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো এবং নির্ধারিত তারিখে দরপত্র বাক্স রাখার জন্য অনুরোধ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ফেরতের জন্য সদয় অনুরোধ করা হলো।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..................................... (সকল), বগুড়া।
০৭। উপজেলা নির্বাহী অফিসার ............................................ (সকল), বগুড়া।
০৮। মেয়র, ............................ (সকল) পৌরসভা, বগুড়া।
০৯। সহকারি মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, বগুড়া।
১০। সহকারি কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়া। তার বরাবর ............................ টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১১। অফিসার ইনচার্জ, গাবতলী মডেল থানা। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা ..........................................অফিসার (সকল), গাবতলী, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গাবতলী শাখা, বগুড়া। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান ...............................ইউনিয়ন পরিষদ (সকল), গাবতলী, বগুড়া। তাকে তার এলাকায় ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ গ্রহণ পূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), গাবতলী, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি হাট-বাজরে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ গ্রহণ পূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৬। বার্তা সম্পাদক, ......................................................... পত্রিকা, বগুড়া। তাকে আগামী ........................ তারিখের মধ্যে ন্যুনতম স্পেসে তার পত্রিকার ভেতরের পাতায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। ইজারাদার ................................ হাট-বাজার (সকল), গাবতলী, বগুড়া।

Bhan
০৭/০২/২৪
উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী, বগুড়া ।